তারিখ 15 JUL 1998
পৃষ্ঠা ৬ কলাম ৪

দৈনিক সংবাদ

13

# কোম্পানীগঞ্জ কলেজ কেন্দ্রে ম্যাজিস্ট্রেট ৬ ঘন্টা তালাবদ্ধ

কুমিল্লা, ১৪ই জুলাই (জেলা বার্তা পরিবেশক)।— পরীক্ষা কেন্দ্রে কলেজের ভিপিকে অবাধে ঘোরাফেরা করতে না দেয়ায় থানা নির্বাহী অফিসার ও কর্তব্যরত ম্যাজিস্ট্রেটকে ৬ ঘন্টা পরীক্ষা কেন্দ্রে তালাবদ্ধ করে আটকে রাখা হয়।

ঘটনাটি ঘটেছে চলতি এইচএসসি পরীক্ষায় মুরাদনগর থানার কোম্পানীগঞ্জ বি এ কলেজ কেন্দ্রে ৩রা জুলাই। ঐদিন এই কেন্দ্রে থানা নির্বাহী অফিসার সকাল সাড়ে ১০টায় গিয়ে দেখতে পান কলেজটির ভিপিসহ আরো ১০/১২ জন কেন্দ্রের ভিতরে ঘোরাফেরা করছে। এ নিয়ে ভিপির সাথে তার কথা কাটাকাটি হয়। অন্যদিকে কর্তব্যরত ম্যাজিস্ট্রেট সদর থানার সহকারী কমিশনার (ভূমি) নকল করার দায়ে ১০ জনকে বহিষ্কার করেন। বহিষ্কৃতরা এবং ভিপি ও তার সঙ্গীরা এ নিয়ে কেন্দ্রের বাইরে জড়ো হয়ে বিভিন্ন শ্লোগান দিতে থাকে এবং বহিষ্কৃতদের পরীক্ষা দেয়ার দাবি জানাতে থাকে। খবর পেয়ে মুরানগর থানার সহকারী কমিশনার (ভূমি) কেন্দ্রে আসেনএবং ভিপিকে শান্ত করার চেষ্টা করেন। কিন্তু ইতিমধ্যে জড়ো হওয়া কয়েকশ' বহিরাগত কলেজের টেলিফোন সংযোগ বিচ্ছিন্ন করে দেয় এবং দারোয়ানের কাছ থেকে জোর করে চাবি নিয়ে কলেজের প্রধান ফটক বন্ধ করে দেয়।